গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
*www.mohfw.gov.bd*

নং-৪৫.১৭২.০৩০.০০০.০০.০০৬.২০১৩-১২০ তারিখঃ ২২.০২.২০১৫ খ্রিঃ

প্রেরক: সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়
সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : ''২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন'' শীর্ষক প্রকল্পের বাস্তবায়নকালীন সময়ের জন্য ০৫(পাচ)টি পদ সংরক্ষণ সংক্রান্ত।

মহোদয়

আমি নির্দেশিত হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন “২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন'' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদসমূহের মেয়াদ ০১.০১.২০১৫ তারিখ হতে ৩০.০৬.২০১৫ তারিখ পর্যন্ত সংরক্ষনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | সাকূল্যে বেতন (জাতীয় বেতন স্কেল/০৯ অনুযায়ী) |
|---|---|---|---|
| ১ | প্রকল্প পরিচালক, | ১টি | ৩৪,৮৫০/- |
| ২ | পি, এ, কাম কম্পিউটার অপারেটর | ১টি | ১১,০৯০/- |
| ৩ | হিসাব রক্ষক | ১টি | ৯,৬৫০/- |
| ৪ | ড্রাইভার | ১টি | ৯,৩৫০/- |
| ৫ | এমএলএসএস | ১টি | ৭,৭৫০/- |
| সর্বমোট= | | ৫টি | |

০২। উল্লিখিত পদ সমূহের ব্যয় চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরের আওতায় হিসাবের খাত-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন'' শীর্ষক প্রকল্পের বরাদ্দকৃত অর্থ থেকে মিটানো হবে।

০৩। এ মন্ত্রণালয়ের ০৯.০২.২০১৫ তারিখের স্বাপকম/সিসপ্র (স্বাস্থ্য-৪)/চক্ষবি:ইন:/১৭/২০০৫/২৪ সংখ্যক সরকারী আদেশ এবং পরিকল্পনা কমিশনের ২৬.০১.২০১৫ তারিখের ২০.২৫১.০১৪.০০.০০.৯০১.২০০৩ (অংশ-৪)-১৩ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে “২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন'' শীর্ষক প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করায় এ আদেশ জারী করা হলো।

০৪। এ আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অর্পিত ক্ষমতা অনুযায়ী জারী করা হলো।

স্বাঃ/-
(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৫.১৭২.০৩০.০০০.০০.০০৬.২০১৩-১২০/১(১০) তারিখঃ ২২.০২.২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪। প্রকল্প পরিচালক, ২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন প্রকল্প, শেরে বাংলানগর, ঢাকা ।
৫। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ ) ।
৮। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

22.02.2015

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫. ১৭২ ১৩১.০১.০০.০২১.২০১১-(২য় খন্ড)-১৩০ তারিখঃ ২৩.০২.২০১৫ খ্রিঃ

প্রেরক : সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ''কমিউনিকেবল ডিজিস কন্ট্রোল''(কোড নং-৫-২৭১১-৫১০০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) বাবদ ৩য় কিস্তির অর্থছাড় সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ''কমিউনিকেবল ডিজিস কন্ট্রোল'' (কোড নং-৫-২৭১১-৫১০০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে ৩য় কিস্তি বাবদ ৫৯৩.২৫ লক্ষ (রাজস্ব ৪৬৮.২৫ লক্ষ +মুলধন ১২৫.০০ লক্ষ) ( পাঁচ কোটি তিরানব্বই লক্ষ পঁচিশ হাজার) টাকার (১৪.১২.২০১৪ তারিখের ৪৫. ১৭২ ১৩১.০১.০০.০২১.২০১১-২য় খন্ড-৭৫২ সংখ্যক সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী) সরকারী মঞ্জুরী জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছি। এই ব্যয় চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৭-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ''কমিউনিকেবল ডিজিস কন্ট্রোল''(কোড নং-৫-২৭১১-৫১০০) শীর্ষক কর্মসূচি হতে বহন করা হবে।

০২। অপারেশনাল প্লানে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত কার্যকর চুক্তির শর্ত মোতাবেক সরকারী সকল আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালনপূর্বক এই অর্থ ব্যয় করতে হবে।

০৩। লাইন ডাইরেক্টর কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমেটে নির্ধারিত সময়ের মধ্যে ব্যয়ের হিসাব, চুক্তি ও ব্যয়ের সমর্থনে অন্যান্য দলিলপত্রসহ প্রকৃত ব্যয়ের রিপোর্ট (ফিনান্সিয়াল মনিটরিং রিপোর্ট) মন্ত্রণালয়ের এফ,এম,এ,ইউ-তে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৫। এ আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়-কে প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থ বিভাগের ২৩.০২.২০১৫ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.২৯.২০১২-১১৪ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতিক্রমে নিম্নোক্ত শর্তে জারী করা হলো:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০১৫ তারিখের মধ্যে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;

(গ) ছাড়কৃত অর্থের পুণর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পূনর্ভরণ নিশ্চিত করতে হবে।

(ঘ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং

(ঙ) বিভিন্ন কোড ও সাব-কোড এর বিপরীতে গৃহীত বরাদ্দ বা ব্যয় অনুমোদিত ওপিতে ঐ কোড ও সাব-কোড এর বিপরীতে ওপির ৫ বছরের সংস্থানের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে-এর ব্যতয় হলে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর দায়ী থাকবেন।

স্বাঃ/-
(সালমা সিদ্দিকা মাহহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৫. ১৭২ ১৩১.০১.০০.০২১.২০১১-(২য় খন্ড)- তারিখঃ ২৩.০২.২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৩। লাইন ডাইরেক্টর, কমিউনিকেবল ডিজিস কন্ট্রোল , স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৪। উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৮। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২৩.২.২০১৫

(সালমা সিদ্দিকা মাহতাব )
সিনিয়র সহকারী সচিব